Bangladesh Competition Commission

# প্রতিযোগিতা সাময়িকী

বর্ষ ৩ । সংখ্যা ৯ । জুলাই-সেপ্টেম্বর ২০২২ । ১৭ আষাঢ় ১৪২৯ - ১৫ আশ্বিন ১৪২৯

## প্রতিযোগিতা সাময়িকীর ৯ম সংস্করণ প্রকাশ

দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করা এবং তা বজায় রাখার উদ্দেশ্যে ষড়যন্ত্রমূলক যোগসাজস (Collusion), মনোপলি (Monopoly) ও ওলিগপলি (Oligopoly) অবস্থা, জোটবদ্ধতা অথবা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার সংক্রান্ত প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ, নিয়ন্ত্রণ বা নির্মূলের লক্ষ্যে ২০১২ সালে প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) প্রণয়ন করা হয়। উক্ত আইনের ৫ নং ধারা মোতাবেক সরকার ২০১২ সালে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন প্রতিষ্ঠা করে। উক্ত কমিশন ২০১৬ সাল হতে কার্যক্রম আরম্ভ করে। কমিশন ১ জন চেয়ারপার্সন এবং অনধিক ৪ জন সদস্য সমন্বয়ে গঠিত হবে বলে আইনে বিধান রাখা হয়েছে।

কমিশনের দায়িত্ব, ক্ষমতা ও কার্যাবলি হচ্ছে (১) বাজারে প্রতিযোগিতার ক্ষেত্রে বিরূপ প্রভাব বিস্তারকারী অনুশীলনসমূহকে নির্মূল করা, প্রতিযোগিতাকে উৎসাহিত করা ও বজায় রাখা এবং ব্যবসা-বাণিজ্যের স্বাধীনতাকে নিশ্চিত করা (২) কোন অভিযোগের ভিত্তিতে বা স্বপ্রণোদিতভাবে ব্যবসা প্রতিষ্ঠানসমূহের প্রতিযোগিতা বিরোধী সকল চুক্তি, কর্তৃত্বময় অবস্থান এবং অনুশীলনের তদন্ত করা (৩) প্রতিযোগিতা আইন, ২০১২ অনুযায়ী অপরাধের তদন্ত পরিচালনা এবং এর ভিত্তিতে মামলা দায়ের ও পরিচালনা করা (৪) জোটবদ্ধতা এবং জোটবদ্ধতা সংশ্লিষ্ট বিষয়াদি, জোটবদ্ধতার জন্য তদন্ত সম্পাদনসহ জোটবদ্ধতার শর্তাদি এবং জোটবদ্ধতা অনুমোদন বা নামঞ্জুর সংক্রান্ত বিষয়াদি নির্ধারণ করা (৫) প্রতিযোগিতা সংক্রান্ত বিধিমালা, নীতিমালা, দিক নির্দেশনামূলক পরিপত্র বা প্রশাসনিক নির্দেশনা প্রণয়ন এবং তা বাস্তবায়নে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান করা (৬) প্রতিযোগিতামূলক কর্মকাণ্ডের উন্নয়ন এবং প্রতিযোগিতা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য উপযুক্ত মানদণ্ড নির্ধারণ করা (৭) সমাজের বিভিন্ন শ্রেণির লোকজনের মধ্যে প্রতিযোগিতা সম্পর্কিত সার্বিক বিষয়ে প্রচার এবং প্রকাশনার মাধ্যমে ও অন্যান্য উপায়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণ করা (৮) প্রতিযোগিতা বিরোধী কোন চুক্তি বা কর্মকাণ্ড বিষয়ে গবেষণা, সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ এবং অনুরূপ অন্যবিধ ব্যবস্থার মাধ্যমে গণসচেতনতা বৃদ্ধি করা এবং গবেষণালব্ধ ফলাফল প্রকাশ ও প্রচার করা এবং এগুলোর কার্যকর বাস্তবায়নের জন্য সরকারের নিকট সুপারিশ করা।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন উল্লিখিত বিষয়ে কাজ করে যাচ্ছে। উক্ত কাজের একটি উল্লেখযোগ্য উপাদান হচ্ছে নিয়মিত প্রতিযোগিতা সাময়িকী প্রকাশ।

## ২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতকরণ

প্রতিযোগিতা আইন, ২০১২ এর ৩৯ নং ধারায় বলা হয়েছে প্রতি অর্থবছর সমাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে কমিশন তার কার্যাবলি সম্পর্কে একটি প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করবে। ১৪/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত কমিশনের ২০২২ সনের ৮ম সভায় উক্ত ২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন অনুমোদন করা হয়।

### কমিশনের শূন্য পদ পূরণ

কমিশনের অনুমোদিত সাংগঠনিক কাঠামো মোতাবেক বর্তমানে শূন্য পদের সংখ্যা ১৩ টি। শূন্য পদসমূহ বিধি মোতাবেক পূরণ করার জন্য কমিশন কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

### কমিশনের কর্মচারীদের চাকরি স্থায়ীকরণ বিধিমালা

কমিশনে কর্মরত কর্মচারীদের চাকরি স্থায়ীকরণ সংক্রান্ত বিধিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে একটি কমিটি কাজ করছে। কমিটি কর্তৃক প্রস্তাবিত বিধিমালার খসড়া প্রণয়নের কাজ বর্তমানে চলমান রয়েছে।

## “UNCTAD Expert Meetings on Consumer Protection and Competition Law, 2022” সংক্রান্ত সভায় অংশগ্রহণ

UNCTAD কর্তৃক আয়োজিত “Intergovernmental Group of Experts on Consumer Protection Law and Policy” এবং “Intergovernmental Group of Experts on Competition Law and Policy” সভার বিষয়বস্তু সম্পর্কে অংশগ্রহণকারীগণকে অবহিত করার লক্ষ্যে বিগত ০৫/০৭/২০২২ তারিখ বাংলাদেশ সময় বিকাল ৫.৩০ ঘটিকায় একটি পূর্ব প্রস্তুতিমূলক সভা আয়োজন করা হয়। উক্ত সভায় কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম, কমিশনের সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দীন, সিনিয়র সহকারী সচিব জনাব মিনারা নাজমীন এবং সহকারী পরিচালক জনাব মোঃ আদনান আরিফ অংশগ্রহণ করেন।

## “ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা” শীর্ষক বিভাগীয় সেমিনার আয়োজন

বিগত ১৬ আগস্ট ২০২২ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক “ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা” শীর্ষক বিভাগীয় সেমিনার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রংপুরে অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব টিপু মুনশি, এমপি, মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়। এছাড়াও সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সাবিরুল ইসলাম, বিভাগীয় কমিশনার, রংপুর, জনাব মোঃ আবদুল আলীম মাহমুদ, বিপিএম, ডিআইজি, রংপুর, জনাব নুরে আলম মিনা, বিপিএম (বার) পিপিএম, পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর এবং জনাব মোঃ আসিব আহসান, জেলা প্রশাসক, রংপুর। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি.এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগমসহ কমিশনের কর্মকর্তাবৃন্দ, রংপুর বিভাগের অন্তর্গত জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসকগণ, রংপুর বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তা, জনপ্রতিনিধি, চেম্বার প্রতিনিধি, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ সেমিনারে উপস্থিত ছিলেন।





“ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা” শীর্ষক রংপুর বিভাগীয় সেমিনারে বক্তব্য রাখছেন জনাব টিপু মুনশি, এমপি, মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়

## UNCTAD এর ২০তম IGE অধিবেশনে অংশগ্রহণ

জেনেভাস্থ জাতিসংঘের দপ্তরে “Voluntary Peer Review of Competition Law & Policy: Bangladesh” বিষয়ক অধিবেশনসহ (২০-২২ জুলাই, ২০২২) তিনদিন ব্যাপী ২০তম IGE অধিবেশনে কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম এঁর নেতৃত্বে নিম্নলিখিত প্রতিনিধিদল অংশগ্রহণ করেনঃ-

(১) জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি, বাংলাদেশের স্থায়ী মিশন, জেনেভা।
(২) জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।
(৩) ড. মোঃ আল আমিন প্রামাণিক, ইকোনোমিক মিনিস্টার, বাংলাদেশের স্থায়ী মিশন, জেনেভা।
(৪) জনাব দেবব্রত চক্রবর্তী, কমার্শিয়াল কাউন্সিলর, বাংলাদেশের স্থায়ী মিশন, জেনেভা।



UNCTAD এর "Voluntary Peer Review of Competition Law & Policy: Bangladesh" বিষয়ক অধিবেশনে বাংলাদেশ প্রতিনিধি দল

## UNCTAD এর সঙ্গে দ্বিপাক্ষিক সভা আয়োজন

বিগত ২১/০৭/২০২২ তারিখ জেনেভাস্থ UNCTAD সদর দপ্তরে সকাল ৯.০০ ঘটিকায় বাংলাদেশ প্রতিনিধি দলের সঙ্গে UNCTAD কর্মকর্তাগণের একটি দ্বিপাক্ষিক সভা হয়। উক্ত সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম এঁর নেতৃত্বে জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ড. মোঃ আল আমিন প্রামাণিক, ইকোনোমিক মিনিস্টার, বাংলাদেশের স্থায়ী মিশন, জেনেভা এবং জনাব দেবব্রত চক্রবর্তী, কমার্শিয়াল কাউন্সিলর, বাংলাদেশের স্থায়ী মিশন, জেনেভা অংশগ্রহণ করেন। UNCTAD এর পক্ষে উপস্থিত ছিলেন CCPB এর প্রধান Ms Teresa Moreira, Legal Affairs Officer Dr. Pierre Horna, Independent Consultant Ms Ma Leonila Papa এবং Sophie Hunter. সভায় কমিশনের চেয়ারপার্সন এবং সদস্য কমিশনের চলমান কার্যক্রম, কমিশনের অর্জন, করণীয় এবং চ্যালেঞ্জ সমূহ UNCTAD কর্মকর্তাগণকে অবহিত করেন। CCPB প্রধান বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে সকল প্রকার সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন। সভায় প্রতিযোগিতা আইন, ২০১২ এর Voluntary Peer Review Report এর National Dissemination এবং বাস্তবায়ন সহ কমিশনের সক্ষমতা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কোনো দাতা সংস্থার নিকট থেকে কমিশনের জন্য কারিগরি সহায়তা পাওয়ার বিষয়ে UNCTAD কাজ করছে বলে সভায় জানানো হয়। বৈশ্বিক বিভিন্ন প্রতিযোগিতা সংস্থা এবং দাতা সংস্থাগুলি বাংলাদেশকে কারিগরি সহায়তা প্রদান করার বিষয়ে UNCTAD সচিবালয় একটি প্রকল্প প্রস্তুত করছে মর্মে জানানো হয়। পরবর্তীতে বেশ কয়েকটি উন্নয়ন সহযোগী সংস্থার কাছে কারিগরি সহায়তা প্রকল্পটি পাঠানো হবে মর্মেও UNCTAD কর্মকর্তাগণ আশ্বাস প্রদান করেন।



UNCTAD এর সঙ্গে দ্বিপাক্ষিক সভায় উপস্থিত বাংলাদেশ প্রতিনিধি দল



UNCTAD, CCPB এর প্রধানের হাতে ক্রেস্ট তুলে দিচ্ছেন কমিশনের চেয়ারপার্সন

## কমনওয়েলথ প্রতিনিধির সঙ্গে বাংলাদেশ প্রতিনিধিদলের আলোচনা সভা আয়োজন

বাংলাদেশ প্রতিনিধি দলের সঙ্গে Commonwealth এর Trade Competitiveness Section এর উপদেষ্টা এবং প্রধান Ms Opeyemi Abebe বিগত ২১ জুলাই ২০২২ এবং ২২ জুলাই ২০২২ তারিখে পারস্পরিক সহযোগিতা বিষয়ে আলোচনা করেন। Commonwealth Adviser বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে সকল প্রকার সহযোগিতার আশ্বাস প্রদান করেন।



বাংলাদেশ প্রতিনিধি দলের সঙ্গে Commonwealth এর Trade Competitiveness Section এর উপদেষ্টা এবং প্রধান Ms Opeyemi Abebe

## ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস এবং জাতির পিতার ৪৭তম শাহাদাত বার্ষিকী পালন

১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবস এবং জাতির পিতার ৪৭তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম, সদস্য জনাব জি এম সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম। এ সময় কমিশনের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।




১৫ আগষ্ট ২০২২ জাতীয় শোক দিবসে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন

# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক "দেশের বাজারে মুরগী ও ডিমের মূল্য বৃদ্ধি" বিষয়ে পোল্ট্রি শিল্পের অংশীজনের সঙ্গে মতবিনিময় সভা আয়োজন

২১ আগস্ট ২০২২ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক "দেশের বাজারে মুরগী ও ডিমের মূল্য বৃদ্ধি" বিষয়ে পোল্ট্রি শিল্পের অংশীজনের সঙ্গে মতবিনিময় সভা কমিশনে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। এছাড়া সভায় উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি.এম.সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, প্রাণিসম্পদ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক ড. মোসাদ্দেক হোসেন, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ ওয়াহিদুজ্জামান, প্রাণিসম্পদ অধিদপ্তরের উপপরিচালক জনাব জিনাত সুলতানা, জাতীয় রাজস্ব বোর্ডের দ্বিতীয় সচিব জনাব শেখ মুরাদ হোসেন, পিপলস পোট্রি এন্ড হ্যাচারি এর ম্যানেজিং ডিরেক্টর জনাব মোঃ মাহাবুবুর রহমান, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ এর জনাব মিতা রহমান ও জনাব মহিউদ্দিন আহমেদ, ডিম ব্যবসায়ী সমিতির জনাব মোঃ হারুনুর রশিদ, ডিম ব্যবসায়ী ও পোল্ট্রি খামারী জনাব মোঃ কাদের খান, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ সেন্ট্রাল কাউন্সিল উপদেষ্টা জনাব মোঃ সাজ্জাদ হোসাইন, বাংলাদেশ এগ্রো ফিড ইনগ্রিডিয়েন্টস ইম্পোটার্স এন্ড ট্রেডার্স এসোসিয়েশনের উপদেষ্টা জনাব জয়ন্ত কুমার দেব, ফিড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশনের সাধারণ সম্মাদক মোহাম্মদ নজরুল ইসলাম, জনাব কাজী জাহিন হাসান, ব্রিডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ এর সভাপতি, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশনের সাবেক যুগ্ম মহাসচিব জনাব খন্দকার মহসিন এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মতবিনিময় সভায় ব্রয়লার মুরগী ও ডিমের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির সাথে সাপ্লাই চেইনের কোনো পর্যায়ে কারসাজি হয়েছে কিনা ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। ব্যবসায়ী মহলের পক্ষ থেকে উৎপাদন খরচ বৃদ্ধি, পরিবহন ও জ্বালানি তেলের মূল্য বৃদ্ধি, ফিডের আমদানী খরচ বৃদ্ধি প্রভৃতি কারণ দর্শানো হয়। কমিশনের পক্ষ হতে পোল্ট্রি শিল্প প্রতিষ্ঠান সমূহ থেকে ডিম উৎপাদন এবং পোল্ট্রি খাদ্যের উপাদান আমদানী সম্পর্কিত তথ্য চাওয়া হয়। ব্রয়লার মুরগী ও ডিমের মূল্য বৃদ্ধিতে প্যারালাল মার্কেটিং এর প্রভাব কতটুকু সে ব্যাপারে আলোচনা করা হয়। সভাপতির বক্তব্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম বর্তমান পরিস্থিতিতে ব্রয়লার মুরগী ও ডিমের বাজারে যে কোন ধরনের প্রতিযোগিতা পরিপন্থি কর্মকাণ্ড থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান।

সভায় ব্যবসায়ী নেতৃবৃন্দ ডিমের বাজারে স্বাভাবিক পরিস্থিতি বজায় রাখার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।




বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক "দেশের বাজারে মুরগী ও ডিমের মূল্য বৃদ্ধি" বিষয়ে পোল্ট্রি শিল্পের অংশীজনের সঙ্গে আয়োজিত মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম

## ফরিদপুর জেলায় ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা শীর্ষক সেমিনার আয়োজন

এ্যাডভোকেসি কার্যক্রমের অংশ হিসেবে বিগত ১৮/০৯/২০২২ তারিখ রবিবার ফরিদপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে এবং জেলা প্রশাসন, ফরিদপুরের সার্বিক সহযোগিতায় **"ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা"** শীর্ষক দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়।

উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং সভাপতিত্ব করেন জনাব অতুল সরকার, জেলা প্রশাসক, ফরিদপুর। সেমিনারে উপস্থিত ছিলেন জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ড. এ এফ এম মনজুর কাদির, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, জনাব নাসরিন বেগম, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, মোঃ শাহজাহান, পুলিশ সুপার, ফরিদপুর এবং ফরিদপুর জেলার বিভিন্ন দপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, উপজেলা পরিষদের চেয়ারম্যানগণ, উপজেলা নির্বাহী অফিসারগণ সহ ফরিদপুর চেম্বার অব কমার্সের সভাপতি, স্থানীয় ব্যবসায়ী নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

সেমিনারের সভাপতি জনাব অতুল সরকার, জেলা প্রশাসক, ফরিদপুর সুষ্ঠু প্রতিযোগিতাপূর্ণ ব্যবসায়িক পরিবেশ তৈরি ও ব্যবসা ক্ষেত্রে নানা অসঙ্গতি চিহ্নিতকরণ ও নির্মূলে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা সম্পর্কে আলোকপাত করেন। তিনি ভোক্তাবান্ধব বাজার প্রতিষ্ঠা ও বাজারে সুস্থ প্রতিযোগিতা বজায় রাখার উদ্দেশ্যে জেলা প্রশাসন, ফরিদপুর-এর পক্ষ হতে সকল প্রকার সহযোগিতার আশ্বাস ব্যক্ত করেন। অধিক মুনাফা লাভের অশুভ পন্থা পরিত্যাগ করে শুদ্ধাচার চর্চার মাধ্যমে ব্যবসায়ীগণকে আইনকানুন মেনে ব্যবসা পরিচালনার জন্য তিনি অনুরোধ করেন।




ফরিদপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে "ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা" শীর্ষক সেমিনার আয়োজন

## নিত্য প্রয়োজনীয় পণ্যের অবৈধ মজুত ও অস্বাভাবিক মূল্য নির্ধারণ বিষয়ক গণবিজ্ঞপ্তি প্রচার

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক বিগত ২২/০৯/২০২২ তারিখে দৈনিক বাংলাদেশ সমাচার পত্রিকায় নিত্য প্রয়োজনীয় পণ্যের অবৈধ মজুত ও অস্বাভাবিক মূল্য নির্ধারণ বিষয়ক গণবিজ্ঞপ্তি প্রচার করা হয়।

## পণ্যের দাম অস্বাভাবিকভাবে বাড়িয়ে বাজার 'অস্থিতিশীল' করার অভিযোগে নিত্যপণ্য প্রস্তুতকারক ও সরবরাহকারী ৪৪টি কোম্পানির বিরুদ্ধে মামলা দায়ের

বিগত ২২/০৯/২০২২ তারিখে পণ্যের দাম অস্বাভাবিকভাবে বাড়িয়ে বাজার 'অস্থিতিশীল' করার অভিযোগে নিত্যপণ্য প্রস্তুতকারক ও সরবরাহকারী ৪৪টি কোম্পানির বিরুদ্ধে স্বপ্রণোদিত হয়ে কমিশন মামলা দায়ের করে। চাল, তেল, সাবান, আটা, ডিম ও মুরগী উৎপাদন ও সরবরাহ খাতের এসব কোম্পানির বিরুদ্ধে দাম বাড়ানোসহ আরও কিছু প্রাসঙ্গিক অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ায় কমিশন পৃথকভাবে এসব মামলা দায়ের করে।

## "The Structure, Conduct and Performance of Competition Agencies" বিষয়ক অনলাইন সমীক্ষায় অংশগ্রহণ

Asian Development Bank (ADB)-এর গবেষণা কাজের জন্য "The Structure, Conduct, and Performance of Competition Agencies" বিষয়ক একটি অনলাইন সমীক্ষায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়। উক্ত অনলাইন সমীক্ষার বিভিন্ন প্রশ্নের জবাব ২৬/০৯/২০২২ তারিখে ADB বরাবর প্রেরণ করা হয়।

মুজিব শতবর্ষ MUJIB 100

# "মুজিব বর্ষের প্রতিশ্রুতি প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থার উন্নতি"


## উপদেষ্টা পরিষদ

**প্রদীপ রঞ্জন চক্রবর্তী**
চেয়ারপার্সন
ও
সভাপতি
উপদেষ্টা পরিষদ

**সালমা আখতার জাহান**
সদস্য

**নাসরিন বেগম**
সদস্য

**ড. এ এফ এম মনজুর কাদির**
সদস্য

## সম্পাদনা পরিষদ

**জি. এম. সালেহ উদ্দিন**
সদস্য
ও
আহ্বায়ক
সম্পাদনা পরিষদ

**সারাওয়াত মেহজাবীন**
উপপরিচালক

**তায়েব-উর-রহমান আশিক**
উপপরিচালক

**নাঈমুর রহমান**
সহকারী পরিচালক

**নূরউদ্দীন যোবায়ের**
সহকারী পরিচালক



Competition for growth
Bangladesh Competition Commission

প্রকাশনায়ঃ
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
ফোন: +৮৮০২-৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স: +৮৮০২-৫৮৩১৫৪৯৭
ই-মেইল: secretary.ccb2012@gmail.com
প্রকাশকাল : ডিসেম্বর, ২০২২